ত্রিপুরা হাফাঙ
ককথুম তেই হুকুমু দাগিখুঙ
*****

স-২৪৬৭
আগরতলা, ২২ আগস্ট, ২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

''হাসপাতালে মদের আসর স্ক্যানারে নেতা,'' এই শিরোনামে স্যন্দন পত্রিকায় এবং ''হাসপাতালে মদের আসর দুই নেতার'' এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ১২ আগস্ট, ২০২৫ প্রকাশিত সংবাদ দু'টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। পাশাপাশি একটি ভিডিও ক্লিপিংও সামাজিক মাধ্যমে ভাইরাল হয়। এই অভিযোগগুলোর পরিপ্রেক্ষিতে, ধর্মনগরস্থিত উত্তর জেলা হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে,এই অভিযোগ প্রাপ্তির পর,হাসপাতাল কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কক্ষটি পরিদর্শন করেন, যেখানে কিছু অবাঞ্চিত কার্যকলাপ সংঘটিত হয়েছিল বলে অভিযোগ উঠেছে। পরিদর্শনের সময় ঐ কক্ষ থেকে উক্ত কার্যকলাপের সঙ্গে সম্পর্কিত কোনো বস্তু বা উপাদান পাওয়া যায়নি। উল্লেখ্য, উক্ত কক্ষটি এসসিএ (আউটসোর্সড) কর্মীদের জন্য বিশ্রামকক্ষ হিসেবে বরাদ্দ ছিল। পরবর্তীতে কক্ষটি দপ্তরের পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত, তালাবদ্ধ অবস্থায় রাখা হয়েছে।এ বিষয়ে ১১ আগস্ট, ২০২৫ তারিখে স্থানীয় পুলিশ প্রশাসনকে অবহিত করা হয়েছে।

********